

কেন আমরা জিজ্ঞাসা করি:

আমরা জিজ্ঞাসা করি কারণ

আমরা যত্ন করি!



আমরা আমাদের সকল রোগীদের, তাঁদের নরগোষ্ঠী, জাতিগত প্রেক্ষাপট এবং পছন্দের ভাষা জানানোর জন্য বলি। এটি আমাদের, আমাদের বৈচিত্র্যপূর্ণ গোষ্ঠীটিকে আরও ভালো বুঝতে এবং যত্ন করতে সাহায্য করে।

আমরা, সকল রোগীদের দ্বারা প্রাপ্ত করা চিকিৎসার পর্যালোচনা করার এবং প্রত্যেকের দ্বারাই সর্বোৎকৃষ্ট মানের যত্ন পাওয়া নিশ্চিত করার উদ্দেশ্যে, আমাদের রোগীদের নরগোষ্ঠীভিত্তিক এবং জাতিগত প্রেক্ষাপটের উপর তথ্য সংগ্রহ করি।

আপনি যে তথ্যগুলি আমাদের দেবেন সেগুলি গোপন রাখা হবে। এটি আমাদের, আপনি কে, আপনার প্রয়োজনীয়তা এবং কীভাবে আমরা আপনাকে সর্বোৎকৃষ্ট যত্ন প্রদান করতে পারি সেই সম্পর্কে বুঝতে সাহায্য করে।

যখন আপনি আপনার অ্যাপয়েন্টমেন্টের জন্য পৌঁছবেন, তখন আপনার যত্নের দলের কোনও একজন আপনার নরগোষ্ঠী, জাতিগততা এবং পছন্দের ভাষা সম্পর্কে আরও বিস্তারিত প্রশ্ন জিজ্ঞাসা করবেন। এটির জন্য মাত্র কয়েক মিনিট সময় লাগবে।

আমরা এই তথ্য ব্যবহার করি নিম্নলিখিতগুলির উদ্দেশ্যে:

- ▶ আমাদের গোষ্ঠীকে আরও ভালো বোঝার জন্য,
- ▶ স্বাস্থ্য প্রযত্নের ক্ষেত্রে তারতম্যগুলি সনাক্ত করতে এবং মোকাবিলা করতে,
- ▶ কীভাবে আমরা আমাদের ভাষা এবং নাগালপ্রাপ্ততা সংক্রান্ত সহায়তার ক্ষেত্রে উন্নতি ঘটাতে পারি সেটি বোঝার উদ্দেশ্যে, এবং
- ▶ আমাদের রোগীর শিক্ষামূলক উপাদানসমূহ এবং আমরা যে যত্ন প্রদান করি সেটি আমাদের রোগীদের প্রয়োজনীয়তা এবং পছন্দের প্রতিফলন ঘটায়, সেটি নিশ্চিত করার জন্য।

আমরা জিজ্ঞাসা করি কারণ আমরা যত্ন করি (We Ask Because We Care) হল হেলথ কেয়ার অ্যাসোসিয়েশন অফ নিউ ইয়র্ক স্টেট (Healthcare Association of New York State) এর একটি কার্যক্রম, স্বাস্থ্য প্রযত্নভিত্তিক উৎকর্ষতা অগ্রবর্তী করা এবং অন্তর্ভুক্তি (Advancing Healthcare Excellence and Inclusion) এর দ্বারা প্রযোজিত।

অনুবাদভিত্তিক পরিষেবাগুলি প্রদান করা হয়েছে ল্যাঙ্গুয়েজলাইন সলিউশনস (LanguageLine Solutions) এর দ্বারা।

বারংবার জিজ্ঞাসিত প্রশ্নগুলি

নরগোষ্ঠী, জাতি এবং ভাষার উপর তথ্য সংগ্রহ করা কেন গুরুত্বপূর্ণ?

রোগীদের সম্পর্কে আরও উত্তম তথ্য আমাদের নরগোষ্ঠী এবং জাতিগততার ভিত্তিতে রোগসমূহ, অবস্থা এবং পদ্ধতিগুলিকে অনুসরণ করতে এবং তারতম্যগুলি চিহ্নিত করতে সাহায্য করে। স্বাস্থ্য প্রযত্নভিত্তিক তারতম্যগুলির সম্পর্কে বোধ আমাদের, মান উন্নয়নের উপর মনঃসংযোগ করতে এবং আমাদের দ্বারা আমাদের বৈচিত্র্যপূর্ণ রোগীদের প্রতি প্রদত্ত যত্নের মান বৃদ্ধি করতে সাহায্য করে।

কে আমার তথ্যগুলি দেখবেন? এটি কীভাবে শেয়ার করা হবে?

আপনার তথ্যগুলি গোপনীয় এবং হেলথ ইনসিওরেন্স অ্যান্ড অ্যাকাউন্টেবিলিটি অ্যাক্ট এর দ্বারা সুরক্ষিত। আমরা, নরগোষ্ঠী এবং জাতি অন্তর্ভুক্ত করে, রোগীদের তথ্যগুলির প্রতি নাগাল সীমিত রাখি।

আপনারা কাদের থেকে এই তথ্য সংগ্রহ করছেন?

আমরা এই তথ্যের জন্য আমাদের রোগীদের মধ্যে সকলকেই বলছি।

আমি এখানে শুধুমাত্র একটি দ্রুত পরীক্ষার জন্য আছি। এটি কীভাবে আমার যত্নের ক্ষেত্রে প্রাসঙ্গিক?

আমাদের জন্য, আমরা কাকে সেবাদান করছি এবং আমাদের রোগীদের আমাদের দ্বারা সকলের জন্য প্রদত্ত যত্নের সঙ্গে মিলকরণের প্রয়োজনীয়তা আছে কিনা সেটি জানা অপরিহার্য। এই তথ্য আমাদের, অন্যান্য রোগীদের আরও ভালো সেবাদান করতে সাহায্য করে, যাঁদের প্রয়োজনীয়তা এবং পছন্দগুলি আপনারগুলির সঙ্গে সাদৃশ্যপূর্ণ। এটি আমাদের রোগীদের জনসংখ্যা সম্পর্কে একটি সম্পূর্ণ চিত্র প্রদান করে।

আমাকে কি এই প্রশ্নগুলির উত্তর দিতে হবে?

না। এই প্রশ্নগুলির উত্তর দেওয়া ঐচ্ছিক। এই প্রশ্নগুলির উত্তর দেওয়ার সিদ্ধান্ত আমাদের প্রত্যেক স্বতন্ত্র রোগীকে আরও ভালো সেবাদানের ক্ষেত্রে সাহায্য করবে।

কীভাবে এটি আমার উপকার করবে?

এই প্রশ্নগুলির উত্তর দেওয়ার দ্বারা, আমরা আপনাকে এবং আপনার গোষ্ঠীটিকে আরও ভালো সেবাদান করতে এবং সর্বোৎকৃষ্ট মানের যত্ন প্রদান করা নিশ্চিত করতে পারি।